



আন্তর্জাতিক পরিমন্ডলে একটি বাড়ি একটি খামার প্রকল্পের স্বীকৃতি

শেখ হাসিনার উপহার

একটি বাড়ি একটি খামার, বদলাবে দিন তোমার আমার

সাউথ এশিয়া ও এশিয়া প্যাসিফিক Manthan Award, 2013 অর্জন



ইনসেটে পুরস্কার গ্রহণ করছেন ড. প্রশান্ত কুমার রায়, প্রাক্তন প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রী -এর স্বপ্নসূত সরকারের অগ্রাধিকার ডিজিটাল একটি বাড়ি একটি খামার প্রকল্প দরিদ্র মানুষকে তথ্য প্রযুক্তিতে সম্পৃক্ত করার মধ্য দিয়ে দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখার কারণে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে প্রশংসিত হয়ে আসছে। প্রকল্পটি গত ৬ ডিসেম্বর, ২০১৩ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিত তথ্য-প্রযুক্তি মেলায় সাউথ এশিয়া ও এশিয়া প্যাসিফিক Manthan Award, 2013 পদকে ভূষিত হয়েছে। দু'দিনব্যাপী এই প্রতিযোগিতায় এতদঞ্চলের ৩৬ টি দেশের সর্বমোট ৯৬৭ টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। একটি বাড়ি একটি খামার e-financial inclusion-এর মাধ্যমে সমাজের দরিদ্র ও পশ্চাৎপদ জনগোষ্ঠীকে অনলাইন ব্যাংকিং-এ সম্পৃক্ত করে দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য অবদানের জন্য এ পুরস্কার পেয়েছে। ভারতের প্রাক্তন পররাষ্ট্রমন্ত্রী জনাব সালমান খুরশিদ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

দারিদ্র্য মুক্তির মাপকাঠি---

একটি বাড়ি একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়